

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০৩৫.১১ - ৭০

তারিখ : ২৭-০২-১৭ খ্রিঃ

দপ্তরাদেশ

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত রাজশাহী বিভাগীয় “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি মূল্যায়ন ও বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালা আগামী ০৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় বগুড়া অঞ্চলিক যুব কেন্দ্র, তিনমাথা রেলগেট, বগুড়াতে অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় রাজশাহী বিভাগের সকল জেলার উপ পরিচালক, সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন) এবং এ সকল জেলার আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (যে সকল উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পদ শূন্য রয়েছে সে সকল উপজেলার তথ্যাদি অতিরিক্ত দায়িত্ব পালনকারী কর্মকর্তাই উপস্থাপন করবেন) ও নির্বাচিত ১৬জন ক্রেডিট সুপারভাইজার অংশগ্রহণ করবেন। কর্মশালায় অংশগ্রহণকারীগণকে বর্ণিত ঠিকানায় আগামী ০৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ৮.৩০ ঘটিকায় রিপোর্ট করতে অনুরোধ করা হলো।

কর্মশালায় অংশগ্রহণকারীগণ সরকারী বিধি মোতাবেক টি,এ/ডি,এ প্রাপ্য হবেন।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোনঃ ৯৫৫৯৩৮৯  
Email-dgdydhq@gmail.com

নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০৩৫.১১ - ৭০

তারিখ : ২৭-০২-১৭ খ্রিঃ

- ০১। জেলা প্রশাসক..... জেলা।
- ০২। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া জেলাকে কর্মশালায় ভেন্যু প্রস্তুতকরণ(মঞ্চ প্রস্তুত, ৯৯ জন অংশগ্রহণকারীর বসার ব্যবস্থা), উপযুক্ত সাউন্ড সিস্টেম, হোয়াইট বোর্ড ও মার্কারসহ যাবতীয় প্রাসংগিক প্রস্তুতি গ্রহণ এবং কর্মশালা সমাপ্তিতে পরবর্তী ১৫(পনর) দিনের মধ্যে অগ্রীম উত্তোলিত অর্থের সমন্বয় বিবরণী, হিসাব রক্ষণ অফিসের প্রত্যয়নসহ দাঃ বিঃ ও ঋণ শাখায় পাঠানোর ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা ও নাটোর জেলাকে তাঁর আওতাধীন সকল উপজেলার জুন/১৫, জুন/১৬ ও ডিসেম্বর/১৬ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার বিষয়টি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।
- ০৬। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....জেলা।
- ০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....উপজেলা.....জেলা।
- ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, .....উপজেলা ..... জেলাকে জুন/১৫ জুন/১৬ ও ডিসেম্বর/১৬ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার জন্য অনুরোধ করা হলো।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, .....উপজেলা.....জেলা।
- ১২। অফিস কপি/গার্ড নথি।

  
(মোঃ শাহীমুর রহমান)  
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯।

অংশগ্রহণকারীগণের তালিকা।

০১	উপ-পরিচালক	:	০৮ জন
০২	সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন)	:	০৮ জন
০৪	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	:	৬৭ জন
০৫	ক্রেডিট সুপারভাইজার	:	(নির্বাচিত) ১৬ জন
	সর্বমোট =	:	৯৯ জন